




আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : বাউবি পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৮ চলাকালীন সময়ে পোস্ট অফিস খোলা রাখা প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৮ চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রের নিকটবর্তী পোস্ট অফিসসমূহ পরীক্ষা অনুষ্ঠানের দিন বিকাল ৫:০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৭:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার নির্দেশ সম্বলিত পত্র বাংলাদেশ ডাক বিভাগের পরিচালক (আন্তর্জাতিক ডাক সার্ভিস) কর্তৃক জারী করা হয়েছে (কপি সংযুক্ত)। বিষয়টি আপনার আওতাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র ও পরীক্ষা কেন্দ্রের সমন্বয়কারী/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

ধন্যবাদসহ।



০৩/০১/১৮

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	৬৫৭২
০৩/০১/১৮	



- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৩। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তা উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল)।
- ৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।

নথি নং ১৪.৩১.০০০০.০৩৯.৪২.০০২.১৪-

তারিখ : ১১-০১২-২০১৭ খ্রিঃ


প্রাপক :

- ১। জনাব সৈয়দ আহম্মদ আলী
পোস্টমাস্টার জেনারেল
মেট্রোপলিটন সার্কেল, ঢাকা।
- ২। জনাব আব্দুল্লাহ আল মাহবুবুর রশীদ
পোস্টমাস্টার জেনারেল
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা।
- ৩। জনাব মোখতার আহমেদ
পোস্টমাস্টার জেনারেল
দক্ষিণাঞ্চল, খুলনা।
- ৪। জনাব মোহাঃ শফিকুল আলম
পোস্টমাস্টার জেনারেল
উত্তরাঞ্চল, রাজশাহী।
- ৫। জনাব মোঃ ফয়জুল আজিম
পোস্টমাস্টার জেনারেল
পূর্বাঞ্চল, চট্টগ্রাম।

বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এস এস সি পরীক্ষা -২০১৮ চলাকালীন সময়ে পোস্ট
অফিস খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর স্মারক নং বাউবি/পরীক্ষা/ এস এস সি /০১/৯৬/৩০৯৮
তারিখঃ ৩০-১১-২০১৭ খ্রিঃ এর পত্রের ফটোকপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে
প্রেরণ করা হলো। সংযুক্ত পত্রের বর্ণনামতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এস এস সি পরীক্ষা -২০১৮
পরীক্ষা আগামী ১২-০১-২০১৮ খ্রিঃ সারা দেশব্যাপী সকল কেন্দ্রের মাধ্যমে অনুষ্ঠিত হবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষ হতে প্রাপ্ত পরীক্ষার সময়সূচী ও কেন্দ্র তালিকা এতদসাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পরীক্ষার সূচী অনুযায়ী
পরীক্ষা অনুষ্ঠানের দিনসমূহে বিকাল ৫.০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৭.০০ ঘটিকা পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের নিকটবর্তী পোস্ট
অফিস সমূহ খোলা রেখে পরীক্ষার উত্তর পত্র গ্রহণ ও যথাযথ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ ক্রমে অনুরোধ করা
হল।

সংযুক্ত- বর্ণনামতে।


(মোঃ জামাল পাশা)
পরিচালক (আন্তর্জাতিক ডাক সার্ভিস)
ফোনঃ ৯৫৫৫৯৮৭।

